

সহকারী শিক্ষকদের জন্য মাউশির নতুন নির্দেশনা

ইন্ডেক্স ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ১৪ সেপ্টেম্বর ২০২৫, ০২:০৯



মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালে যোগদানকারী সহকারী শিক্ষকদের গ্রোডেশন তালিকা প্রস্তুতের লক্ষ্যে তথ্য পাঠানোর নির্দেশ দিয়েছে।

 [দৈনিক ইভেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

৩০ সেপ্টেম্বরের মধ্যে ২ সেট হার্ডকপি অধিদপ্তরে পাঠানোর জন্য বলা হয়েছে। সব আঞ্চলিক উপপরিচালক কার্যালয়ের বিদ্যালয় ও পরিদর্শন শাখায় এ নির্দেশনা পাঠানো হয়েছে। সম্প্রতি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের এক চিঠিতে এ তথ্য জানানো হয়েছে।

চিঠিতে বলা হয়েছে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন বিদ্যালয় ও পরিদর্শন শাখায় কর্মরত ২০১৭, ২০১৮ ও ২০১৯ খ্রিষ্টাব্দে যোগদানকারী সহকারী শিক্ষকদের গ্রেডেশন তালিকা প্রস্তুতির জন্য তথ্য পাঠাতে হবে। আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে ২ সেট হার্ডকপি অধিদপ্তরে পাঠাতে। সব আঞ্চলিক উপপরিচালক কার্যালয়ের বিদ্যালয় ও পরিদর্শন শাখায় এ নির্দেশনা পাঠানো হয়েছে।

যেসব তথ্য পাঠাতে হবে

ব্যক্তিগত আবেদনের কপি। চাকরির ধারাবাহিক বিবরণ। সব শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি। চাকরি স্থায়ীকরণের আদেশের কপি (যদি থাকে) সত্যায়িত ফটোকপি। চাকরিতে প্রথম নিয়োগপত্র ও যোগদানপত্রের সত্যায়িত ফটোকপি। বিভাগীয়, ফৌজদারি মামলা, অডিট আপত্তি সংক্রান্ত প্রত্যয়নপত্র (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত)। চাকরি সন্তোষজনক মর্মে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র।